



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে প্রয়াত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক স্মরণে  
শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক সম্প্রতি (১১ নভেম্বর, ২০২৩) মৃত্যুবরণ করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত। তাঁর স্মরণে ১৫ নভেম্বর ২০২৩-বুধবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে শোক সভার আয়োজন করা হয়।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং হামদ ও নাত পরিবেশনার মধ্য দিয়ে শোকসভা শুরু হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান শোক প্রস্তাব পাঠ করেন।

এসময় সভাপতির বক্তব্যে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক একজন আত্মমর্যাদা সম্পন্ন এবং একাধারে দক্ষ একাডেমিক ও প্রশাসনিক ব্যক্তি হিসেবে নিজেকে অধিষ্ঠিত করেন। সহকর্মীদের প্রতি তাঁর সম্মানবোধ অনুকরণীয় ছিল। অনেক বিষয়েই দ্বিমতের মধ্যদিয়ে শুরু হলেও উপাচার্যের দক্ষতায় সমঝোতায় তা শেষ হতো।”

শোক সভায় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, কর্মকর্তা সমিতির সভাপতি মোঃ জহুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ আব্দুল কাদের, বাংলাদেশে ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইব্রাহীম ফরাজী, সাধারণ সম্পাদক এস এম আকতার হোসেন, কর্মচারী সমিতির সভাপতি শরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন ও সহায়ক কর্মচারী সমিতির সভাপতি আবু সাঈদ বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভায় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, প্রক্টর, সহকারী প্রক্টর, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

সভাটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন ডেপুটি রেজিস্ট্রার মোঃ হেদায়েত উল্লাহ।

এছাড়াও শোক সভার প্রয়াত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর একমাত্র সন্তান তাসলিম হক মোনা বক্তব্য প্রদান করেন। এসময় উপাচার্যের সহধর্মিণী নুরুন নাহার বেগম উপস্থিত ছিলেন।

কোরআন খতম ও দোয়া মাহফিল: এদিকে, বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে পবিত্র কোরআন খতম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, দপ্তরসমূহের পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, ছাত্রনেতৃবৃন্দ ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, উপচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিগত তিনদিন ধরে শোক পালন করছে। এছাড়াও সদ্য প্রয়াত উপাচার্যের স্মরণে শোক বই আগামীকাল পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত রাখা হবে